



তেহরানে হামলার নিন্দা, নতুন সুপ্রিম লিডার ইরানিদের পছন্দ: উত্তর কোরিয়া



ছবি: সংগৃহীত

ইরানের ওপর দখলদার ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের সামরিক হামলার তীব্র সমালোচনা করেছে উত্তর কোরিয়া। দেশটি স্পষ্টভাবে জানিয়েছে, তেহরানকে লক্ষ্য করে চালানো এই হামলা আন্তর্জাতিক আইনবিরোধী। পাশাপাশি নতুন সুপ্রিম লিডার হিসেবে মোজতবা খামেনিকে বেছে নেওয়ার সিদ্ধান্তকে তারা ইরানের জনগণের ইচ্ছার প্রতিফলন বলে উল্লেখ করেছে।

বুধবার উত্তর কোরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক মুখপাত্র বলেন, এ হামলার প্রতি পিয়ংইয়ংয়ের কঠোর নিন্দা রয়েছে। তার অভিযোগ, ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের এমন পদক্ষেপ মধ্যপ্রাচ্যের শান্তি ও স্থিতিশীলতাকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করছে। অবৈধ সামরিক আগ্রাসনের মাধ্যমে বৈশ্বিক ভারসাম্যও নষ্ট হচ্ছে বলে মন্তব্য করেন তিনি।

অন্য দেশের সরকারকে চাপে ফেলতে ছমকি ও সামরিক শক্তি প্রয়োগ কোনোভাবেই গ্রহণযোগ্য নয় বলেও অবস্থান জানায় উত্তর কোরিয়া।

এছাড়া ইরানের Assembly of Experts যে নতুন সুপ্রিম লিডার নির্বাচন করেছে, তাকে সম্মান জানিয়ে উত্তর কোরিয়া বলেছে—এই সিদ্ধান্তে ইরানি জনগণের প্রত্যাশাই প্রতিফলিত হয়েছে।

সূত্র: সিএনএন